

বাংলাদেশের জাতীয় পতাকা

পতাকার রং ও বৈশিষ্ট্য :


বাংলাদেশের জাতীয় পতাকার রং উজ্জ্বল ঘন সবুজের মাঝখানে রক্তবর্ণের ভরাট বৃত্ত। পতাকার সবুজ অংশ তারুণ্যের উদ্দীপনা এবং গ্রাম বাংলার বিস্তৃত সবুজ প্রাকৃতিক পরিবেশের প্রতীক। পতাকার রক্তবর্ণের ভরাট বৃত্তটি স্বাধীনতার নতুন সূর্যের প্রতীক।

পতাকার মাপ :

- জাতীয় পতাকা হবে আয়তাকার।
- পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত হবে ১০ : ৬।
- পতাকার মাঝের লাল বৃত্তটি হবে পতাকার দৈর্ঘ্যের পাঁচ ভাগের একভাগ ব্যাসার্ধ বিশিষ্ট।
- পতাকার দৈর্ঘ্যকে সমান ১০ ভাগ ও প্রস্থকে সমান ২ ভাগে ভাগ করে প্রত্যেক ভাগকে ১ ইউনিট ধরতে হবে।
- পতাকার দৈর্ঘ্যের ডানদিকে সাড়ে পাঁচ ইউনিট এবং বামদিকে সাড়ে চার ইউনিট রেখে একটি লম্ব টানতে হবে। এ দুটি রেখা পরস্পর যেখানে মিলিত হবে সে বিন্দুই হবে কেন্দ্রবিন্দু।

পতাকার আকার

- সরকারী ও বেসরকারী ভবনের জন্য জাতীয় পতাকার আকার
- দৈর্ঘ্য ৩০৫ সেঃ মিঃ প্রস্থ ১৮৩ সেঃ মিঃ
 - দৈর্ঘ্য ১৫২ সেঃ মিঃ প্রস্থ ৯১ সেঃ মিঃ
 - দৈর্ঘ্য ৭৬ সেঃ মিঃ প্রস্থ ৪৬ সেঃ মিঃ
- যানবাহনের জন্য জাতীয় পতাকার আকার
- দৈর্ঘ্য ৩৮ সেঃ মিঃ প্রস্থ ২৩ সেঃ মিঃ
 - দৈর্ঘ্য ২৫ সেঃ মিঃ প্রস্থ ১৫ সেঃ মিঃ
- টেবিলে জাতীয় পতাকার আকার (আন্তর্জাতিক ও ষি-পাক্ষিক বৈঠক)
- দৈর্ঘ্য ২৫ সেঃ মিঃ প্রস্থ ১৫ সেঃ মিঃ



মুদ্রণে: ডিসেন্ট অফসেট প্রেস, চাঁদপুর। ০১৭৩২৬৭০১০৪

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯



উপজেলা প্রশাসন, শাহরাস্তি, চাঁদপুর



মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি

তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়নে
২৬ মার্চ ২০১৯ প্রত্যুষে	৩১ বার তোপধ্বনির মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভ সূচনা। স্থান: উপজেলা পরিষদ প্রাঙ্গণ।	অফিসার ইনচার্জ শাহরাস্তি থানা, চাঁদপুর।
২৬ মার্চ ২০১৯ প্রত্যুষে	মহান স্বাধীনতা যুদ্ধে শহিদ মুক্তিযোদ্ধাদের স্মরণে স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ। স্থান: উপজেলা পরিষদ সংলগ্ন কেন্দ্রীয় শহিদ মিনার।	পুষ্পস্তবক উপ-কমিটি।
২৬ মার্চ ২০১৯ সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবনসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ ভবনের মালিক।
২৬ মার্চ ২০১৯ সকাল ০৮.৩০ মি.	আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে প্রদর্শন ও পুরস্কার বিতরণ। স্থান: উপজেলা পরিষদ মাঠ।	কুচকাওয়াজ উপ-কমিটি।
২৬ মার্চ ২০১৯ সকাল ১০.৩০ মি.	বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা জ্ঞাপন। স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, শাহরাস্তি।	সংশ্লিষ্ট উপ-কমিটি।
২৬ মার্চ ২০১৯ সকাল ১১.০০ মি.	মহিলা ও শিশুদের ক্রীড়ানুষ্ঠান। স্থান: উপজেলা পরিষদ কমপ্লেক্স, শাহরাস্তি।	সংশ্লিষ্ট উপ-কমিটি।
২৬ মার্চ ২০১৯ সকাল ১১.৩০ মি.	বঙ্গবন্ধুর বাল্য জীবনের উপর প্রামাণ্য চিত্র ও কথা সাহিত্য প্রদর্শন। স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন।	সংশ্লিষ্ট উপ-কমিটি।
২৬ মার্চ ২০১৯ বাদ জোহর	জাতির শান্তি, অগ্রগতি ও শহিদদের আত্মার মাগফেরাত কামনায় মসজিদ/মন্দির/গির্জায় বিশেষ মোনাজাত/প্রার্থনা।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ও স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান
২৬ মার্চ ২০১৯ সুবিধামত সময়	হাসপাতাল ও এতিমখানায় উন্নত মানের খাবার পরিবেশন।	হাসপাতাল/এতিমখানা কর্তৃপক্ষ
২৬ মার্চ ২০১৯ বিকাল ৩.০০ মি.	প্রীতি ফুটবল প্রতিযোগিতা : উপজেলা পরিষদ একাদশ বনাম পৌরসভা একাদশ। স্থান: উপজেলা পরিষদ মাঠ।	সংশ্লিষ্ট উপ-কমিটি।
২৬ মার্চ ২০১৯ বিকাল ৫.০০ মি.	মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন।	সাংস্কৃতিক প্রতিযোগিতা উপ-কমিটি



বিস্মিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত সুধী,

বাঙ্গালি জাতির ইতিহাসে ১৯৭১ সালের ২৬ মার্চ একটি মহিমান্বিত ও গৌরবোজ্জ্বল দিন। এই দিনে সকল নিপীড়ন, অত্যাচার, শোষণ ও বঞ্চনার অবসান ঘটিয়ে সূচিত হয়েছিল বাংলাদেশের স্বাধীনতার সূর্য। এই দিনে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করি বাঙ্গালি জাতির সর্বকালের সর্বশ্রেষ্ঠ সন্তান ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। বিনম্র শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি জাতির অকুতোভয় সন্তান বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের ত্রিশ লাখ শহিদ ও সন্ত্রাস হারানো দুই লক্ষ মা-বোনদের, যাদের অপারিসীম আত্মত্যাগ ও তিতীক্ষার বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের প্রিয় স্বাধীনতা।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উপলক্ষে শাহরাস্তিবাসীকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা প্রশাসন, শাহরাস্তি নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে।

উক্ত কর্মসূচিতে আপনার/আপনাদের সানুগ্রহ উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

(লিটুস লরেন্স চিরান)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
শাহরাস্তি, চাঁদপুর।